

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)/এমসি-১৬/২০০৯-২০১০/১২৮০(১২০০)

তারিখঃ ২৭-০১-২০১০

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কৃষি ঋণ বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে 'নাগরিক অডিট পদ্ধতি'
প্রবর্তন এবং উহা যথাযথ পরিপালন/বাস্তবায়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ১৭-১১-২০০৯ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)/এমসি-১৬/২০০৯-২০১০/৭৭৭(১২০০) এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্র মূলে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক এই প্রথমবারের মত কৃষি ঋণ বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে অভ্যন্তরীণ ও অন্যান্য অডিটের পাশাপাশি 'নাগরিক অডিট পদ্ধতি' প্রবর্তনের নির্দেশনা প্রদান করা হয়। এ পদ্ধতির আওতায় শাখার প্রতি দিনের ঋণ বিতরণের তালিকা জনসাধারণের জ্ঞাতার্থে ১০ দিন পর্যন্ত নোটিশ বোর্ডে টাংগিয়ে রেখে ১০ দিন পর পর্যায়ক্রমে তা সরিয়ে ফেলার নির্দেশ দেয়া হয়। এতে বিতরণকৃত ঋণ এলাকার প্রকৃত কৃষকদের মধ্যে এবং তাদের চাহিদা মোতাবেক ঋণ প্রদান করা হচ্ছে কিনা এবং কৃষি ঋণ বিতরণে কোন ধরণের অনিয়ম/অসংগতি হচ্ছে কিনা ইত্যাদি বিষয়ে নাগরিক অডিট কর্তৃক যাচাই-বাছাই করতে পারবেন।

০৩। অভ্যন্তরীণ ও অন্যান্য অডিটের পাশাপাশি 'নাগরিক অডিট পদ্ধতি' যথাযথভাবে চালু থাকলে ব্যাংকের ঋণ বিতরণসহ সকল কর্মকাণ্ডে একটা শৃংখলা ফিরে আসবে এবং অনিয়ম/অনাচার/অসংগতি ও দুর্নীতি বহুলাংশে হ্রাস পাবে। 'নাগরিক অডিট পদ্ধতির' এ যুগান্তকারী সাকুলার জারী করায় ব্যাংকের পরিচালনা পর্যদসহ বাংলাদেশ ব্যাংক ও সরকারের নিকট কৃষি ব্যাংকের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে এবং বিষয়টি সর্বমহলে প্রশংসিত হয়েছে।

০৪। বাংলাদেশ ব্যাংকসহ অত্র ব্যাংকের উর্দ্ধতন নির্বাহীগণ মাঠ পর্যায়ে বিভিন্ন সময় শাখা পরিদর্শনকালে 'নাগরিক অডিট পদ্ধতি' প্রবর্তনের উপরোক্ত পত্রের নির্দেশাবলী যথাযথভাবে পরিপালিত হচ্ছে না মর্মে অবহিত করা হয়েছে। মাঠ পর্যায়ে খোঁজ-খবর নিয়ে জানা যায় কোন কোন অঞ্চলের কতিপয় শাখা কর্তৃক নাগরিক অডিট পদ্ধতি চালু করা হয়নি। ফলে নাগরিক অডিট পদ্ধতির মূল স্পিরিট ব্যাহত হচ্ছে- যা প্রধান কার্যালয়ের নির্দেশনার সুস্পষ্ট লংঘন।

০৫। কৃষি ঋণ বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে এবং ঋণ বিতরণে অধিকতর শৃংখলা আনয়নের লক্ষ্যে শাখাসমূহ কর্তৃক 'নাগরিক অডিট পদ্ধতি' যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক এ ব্যাপারে নিরীক্ষা প্রতিবেদনের সর্বশেষ অনুচ্ছেদে একটি প্যারা সংযোজন করার জন্যও অত্র বিভাগের ২৪-১১-২০০৯ তারিখের অভিন্ন নথির পত্র নং-৯১৬(১২০০) মোতাবেক নির্দেশ প্রদান করা হয়। এতদসত্ত্বেও অনেক অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করা হচ্ছে না মর্মে প্রতিয়মান হয়। 'নাগরিক অডিট পদ্ধতি' যথাযথ বাস্তবায়নের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় পুনরায় নির্দেশ প্রদানসহ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণেরও নির্দেশ দিয়েছেন।

০৬। এমতাবস্থায়, 'নাগরিক অডিট পদ্ধতি' যথাযথ পরিপালন/বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা যাচ্ছে। বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণ শাখাসমূহ নিরীক্ষাকালে 'নাগরিক অডিট পদ্ধতি' শাখা কর্তৃক যথাযথভাবে পরিপালন/বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করাসহ অমান্যকারী শাখা ব্যবস্থাপকের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(এ,টি,এম আনিসুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

তারিখঃ ২৭-০১-২০১০

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)/এমসি-১৬/২০০৯-২০১০/১২৮০(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, টিআই, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান)

সহকারী মহাব্যবস্থাপক